দৈনিক
আমাদের সময়

তারিখ ... 21 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

# শিক্ষক কালো তালিকাভুক্ত

**বরিশাল প্রতিনিধি ●**

বরিশালের বরগুনা জেলার বেতাগী উপজেলার বিবিচিনি নিয়ামতিযুক্ত মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের সহকারী শিক্ষক বীরেন চক্রবর্তী কালো তালিকাভুক্ত হয়েছেন। তার বেতন বন্ধেরও সুপারিশ করেছে বরিশাল শিক্ষা বোর্ড। জানা গেছে, ২০১৬ সালের এসএসসি পরীক্ষার হিন্দুধর্ম বিষয়ের উত্তরপত্র মূল্যায়নের প্রধান পরীক্ষক ছিলেন তিনি। ফল কেলেঙ্কারির ঘটনায় দোষী এ শিক্ষককে বরিশাল শিক্ষা বোর্ড কালো তালিকাভুক্ত করেছে। পরীক্ষক হিসেবে প্রাপ্য পারিশ্রমিক বন্ধ ও সরকারি বেতন স্থগিত করার জন্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে সুপারিশ পাঠানো হয়েছে।